

# বাকুবিতে বিএনপি সমর্থকদের ছাত্রলীগের মারধর

বাকুবি  
প্রতিনিধি

০২  
অক্টোবর,  
২০২৩  
০২:০৭

শেয়ার

অ +

অ -



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি) ক্যাম্পাসে  
বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) সমর্থকদের  
মারধর ও গেঞ্জি পোড়ানো হয়েছে। গতকাল রবিবার  
দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের আব্দুল জব্বার মোড় এবং  
কে আর মার্কেট এলাকায় এ ঘটনা ঘটে। পরে বিকেল  
৩টার দিকে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, রোড মার্চের উদ্বোধন  
অনুষ্ঠানে যোগদান ও রোড মার্চ অংশগ্রহণের জন্য  
বিএনপি সমর্থকরা বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ রাস্তা  
ব্যবহার করে।

অনেকে উদ্বোধন শেষে বাসায় ফেরার সময়ও একই  
রাস্তা ব্যবহার করে। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ আগে  
থেকেই অবস্থান নিয়েছিল। বিএনপি সমর্থক সন্দেহ  
হলে শুরু করে মারধর। যেকোনো মোটরসাইকেল  
গেলেই থামানো হচ্ছে।

চেক করা হচ্ছে মোবাইল ফোন। বিএনপি সমর্থিত  
কিছু পেলে মারধর শুরু। রোড মার্চ উপলক্ষে তৈরি  
করা গেঞ্জি, ক্যাপ ও প্ল্যাকার্ড দেখলেও মোটরসাইকেল  
থেকে নামিয়ে মারধর করে। পরে গেঞ্জি পোড়ানো হয়।

তবে অনেক সাধারণ যাত্রীও এ সময় ভোগান্তির শিকার  
হয়েছে বলে জানান তাঁরা।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের আহ্বায়ক  
মো. আতিকুর রহমান এ বিষয়ে বলেন, কেন্দ্রীয়  
ছাত্রদলের একটি গাড়ির বহর বিশ্ববিদ্যালয় দিয়ে  
প্রবেশ করলে ওত পেতে থাকা ছাত্রলীগ তাদের ওপর  
হামলা চালায়। এ সময় বহরের চার-পাঁচটি গাড়ি  
ভাঙ্গুর করা হয়। এতে জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয়  
সংসদের যুগ্ম সম্পাদক শাজাহান শাওনসহ প্রায় ১৫

জন আহত হন। গুরুতর আহত অবস্থায় তিনজনকে  
ময়মনসিংহ মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়।

এ বিষয়ে বাকুবি ছাত্রলীগের সভাপতি খন্দকার  
তায়েফুর রহমান বলেন, ‘বহিরাগতরা ক্যাম্পাসে এসে  
সরকারবিরোধী উসকানিমূলক স্লোগান দিয়ে  
অস্থিতিশীল পরিবেশ তৈরির পাঁয়তারা করে। তারা  
ক্যাম্পাসের কেউ না। বিশ্ববিদ্যালয়ের পরিবেশ ঠিক  
রাখার জন্য আমরা সেটি অবশ্যই প্রতিহত করব।’

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. আজহারুল  
ইসলাম বলেন, হঠাৎ বহিরাগতরা বিশ্ববিদ্যালয়ে এসে  
মোটরসাইকেল ও প্ল্যাকার্ড নিয়ে শোডাউন করে। এতে  
বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ক্ষিপ্ত হয়। পরে তারা তাদের  
বাধা দেয়। এতে অস্থিতিশীল পরিবেশের সৃষ্টি হলে  
বিশ্ববিদ্যালয় পুলিশ গিয়ে পরিস্থিতি স্বাভাবিক করে।